

শাকিল মামুদ-এর কবিতা

হা-ডু-ডু-ডু...

মুখোশ পরিনি মূর্খ-মাখা মুখ আছে
এসো...; রক্তে ঘন ঘন ঘাতকের আরশির
নেই ছলাকলা, ...আছে স্রোত থই থই জ্যোৎস্নার;... এসো

খোলা বুক বেড়ায় প্রান্তরে নেচে... সত্য
সৌন্দর্যপাতা আর ঘাস ফড়িজের গন্ধ চামড়ায়...
এসো— হাত ছুঁয়ে ত্বক ছোঁও... মনে হবে
তুল তুলে কিছু তুল তুলে গেছে তুলে গেছে...

মুখোশ পরিনি মূর্খ মাখা তুলে
আমরা হা-ডু-ডু খেলি ভূগোলে ভূগোলে...

পায়ের তলায় বহু বিপুল আকাশ

পায়ের তলায় বহু বিপুল আকাশ...
আমি পাখি ঠোঁটে সূর্য সমুদ্রজানায়
অবাধ্য একাকী মেঘে করি বসবাস...
মনে পড়ে একদিন মাটির পাড়ায়
যৌগিক কাঁদায় ডুবে ছিল এ মৌলিক
পাখির গতির...; চিলে-কাকে খুঁটেছিলো...
কৈচোদের কাতুকুতু ডয়াল নির্ভীক
স্নেহে বেদনার টিল দিত সাবলীল...

হায়ু ভরে সেইসব কাঁদা জল নিয়ে
কোটিক্ষণ ধ্যান শেষে নিজের বিপুল
আপন আকাশটিকে দিয়ে দিই বিয়ে
আমি পাখিটির সাথে । তোমরা কেবল
আছো... বাজগণ মাটির পাড়ায়
তোমাদের দুটি পাও কোথায় দাঁড়ায়!

শাকিল মামুদ-এর কবিতা

৯

পুতুল নাচ

নির্ঘুম থেকে লাফিয়ে ওঠে ট্রাউজারটা
ঠিক করতে করতে দেখি— আমি গ্রেফতার...!
অচেনালোক আমার আন্টারওয়্যারটা জ্বল করে
নিয়ে যেতে এসেছে শাবেকী গুদামে...! জানি না
আমার একত্রিশতম জন্মদিন উপলক্ষে এটা কোন বন্ধুর ঠাট্টা কিনা...

‘অবাক খাঁচায় ছাই পুড়েছে গতর আলো করে
প্রাণের ভিতর নিত্য পুতুল খেলছে নৃত্য ঝড়ে’
ঠিক ওই মুহূর্তেই উক্ত দুটি পঙ্ক্তির
মগজে কেন যে উড়েছে...

হঠাৎ চমকে উঠতে বাধ্য হই... আগন্তুকেরা নিভিয়ে দিচ্ছে
চারপাশের বাতি খাবার জল...
চামড়ায় টোকা মেরে বপছে—
‘মনে মনে পুতুল নাচ বন্ধ করো রে পুতুল’

চট করে নিজের চেহারার দিকে তাকিয়ে নিই...
তারপর হাতের পাঁশের জানালা বেয়ে দূরে...
পড়শীরা বিদ্রূপ নজরে উকিঝুঁকি আর বিড়বিড় মুখে
বপছে কি জানি...

লাগে না ভাবতে ভালো আগামীকালের রঙ্গতীরে
আমাকে কী নামে ডাকা হচ্ছে... হাজিরা খাতার ভাঁজ
করা স্বাক্ষরের সূতা বুলে হব ভূত্য কত বৃত্তে...
সমস্ত আত্মার মূল উপড়ে পড়তে পারে আজ...

Shakil Mamood

porobash-editor, cell: 01715460561

e-mail: porobashjbd@yahoo.com

samudramanosh@yahoo.com

The Daily Jugantor, 12/7 North Kamalapur, Dhaka 1217

www.jugantor.com